

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৮ ৬/ সফর (أَبْوَابُ السَّفَرِ) পরিচ্ছেদঃ সুরা হজ্জ-এ সিজদা।

باب مَا جَاءَ فِي السَّجْدَةِ فِي الْحَجِّ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا ابْنُ لَهِيعَةَ، عَنْ مِشْرَحِ بْنِ هَاعَانَ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ فُضِلَتْ سُورَةُ الْحَجِّ بِأَنَّ فِيهَا سَجْدَتَيْنِ قَالَ " نَعَمْ وَمَنْ لَمْ يَسْجُدْهُمَا فَلاَ يَقْرَأُهُمَا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ لَيْسَ إِسْنَادُهُ بِذَاكَ الْقُويِّ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي يَقْرَأُهُمَا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ لَيْسَ إِسْنَادُهُ بِذَاكَ الْقُويِّ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا فَرُويَ عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ وَابْنِ عُمَرَ أَنَّهُمَا قَالاَ فُضِيِّلَتْ سُورَةُ الْحَجِّ بِأَنَّ فِيهَا سَجْدَتَيْنِ . وَبِهِ يَقُولُ ابْنُ الْمُبَارَكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَرَأَى بَعْضَهُمْ فِيهَا سَجْدَةً وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَمَالِكٍ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

৫৭৮. কুতায়বা (রহঃ) উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললামঃ হে আল্লাহর রাসূল! সূরা হাজ্জকে তো বেশ ফ্যীলত প্রদান করা হয়েছে। এতে রয়েছে দুটো সিজদা। তিনি বললেনঃ হ্যাঁ, কেউ যদি এই দুটো সিজদা না করে সে যেন এই দুই আয়াত তিলাওয়াত না করে। - সহিহ আবু দাউদ ১২৬৫, মিশকাত ১০৩০, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৭৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদীসটির সনদ তত শক্তিশালী নয়। এই বিষয়ে আলিমগণের মতবিরোধ রয়েছে। উমর ইবনুল খাত্তাব ও ইবনু উমর রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত আছে যে, তাঁরা বলেছেনঃ সূরা হাজ্জকে ফযীলত প্রদান করা হয়েছে; এতে রয়েছে দুটো সিজদা। ইবনু মুবারক, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-ও এই অভিমত ব্যক্ত করেছেন। কতক আলিম বলেনঃ এতে রয়েছে একটি সিজদা। এ হ'ল সুফইয়ান সাওরী, মালিক ও কৃফাবাসী আলিমগণ এর অভিমত।

English

Uqbah bin Amir narrated:



"I said: 'O Messenger of Allah! Surah Al-Hajj has been esteemed by two prostrations?' He said: 'Yes, and whoever does not prostrate for them, he should not recite them.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন